বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।
www.supremecourt.gov.bd

তারিখ: ২৯ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
১৩ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ১৩ আগস্ট ২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার, হাইকোর্ট বিভাগের ১৩টি ক্রিমিনাল মোশন বেঞ্চে মোট ৫,৪০৫ (পাঁচ হাজার চারশত পাঁচ) টি পুরাতন ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি করা হয়েছে। এর মাধ্যমে মাত্র ১২ কার্যদিবসে মোট ৫৫,৭৩০ (পঞ্চান্ন হাজার সাতশত ত্রিশ) টি পুরাতন ক্রিমিনাল মিস মামলা নিষ্পত্তি করা হলো। সম্প্রতি পুরাতন মামলা নিষ্পত্তির বিশেষ কার্যক্রম শুরু হওয়ার পর এ পর্যন্ত পুরাতন ক্রিমিনাল মিস মামলা এবং পুরাতন রিট মামলা মিলিয়ে মোট ৬২,৬৩৭ (বাষট্টি হাজার ছয়শত সাতত্রিশ) টি পুরাতন মামলা নিষ্পত্তি করা হয়েছে।

উল্লেখ্য, বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের নির্দেশনা অনুসারে হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন বেঞ্চ এবং রীট মোশন বেঞ্চসমূহে দীর্ঘদিনের পুরাতন মামলা নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে। বিচারপ্রার্থীদের দ্রুত ন্যায়বিচার নিশ্চিতকরণ, মামলা জট হ্রাস এবং বিচার ব্যবস্থার গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে গৃহীত এ বিশেষ উদ্যোগের আওতায় ধারাবাহিকভাবে বিপুল সংখ্যক পুরাতন মামলা নিষ্পত্তি করা হচ্ছে। বিগত ০৭ মে ২০২৬ খ্রি. হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল মোশন এবং রীট মোশন বেঞ্চসমূহের মাননীয় বিচারপতি মহোদয়বৃন্দ দীর্ঘদিনের পুরাতন মামলা নিষ্পত্তিকে অগ্রাধিকার দিয়ে প্রতি সপ্তাহের নির্দিষ্ট দিনে পুরাতন ক্রিমিনাল মিস ও পুরাতন রীট মামলা নিষ্পত্তির বিশেষ এ কার্যক্রম শুরু করেন। পুরোনো মামলা নিষ্পত্তির এ কার্যক্রম অব্যাহত থাকবে।

১৩/০৮/২৬
মোঃ শফিকুল ইসলাম
গণসংযোগ কর্মকর্তা
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

CamScanner